

কার্যক্রমের শিরোনাম: কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তা ও টাস্কফোর্স সদস্যদের তামাক নিয়ন্ত্রণ আইন অবহিতকরণ সভা
স্থানঃ জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ তারিখ ও সময়ঃ ৫ আগস্ট ২০১৯, সকাল ১০.৩০মিনিট
প্রধান অতিথি: জনাব মো. খায়রুল আলম সেখ, সমন্বয়কারী (যুগ্মসচিব), জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল, স্বাস্থ্য সেবা বিভাগ
সভাপতি: জনাব এ জেড এম নুরুল হক, জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ

জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের (এনটিসিসি-র) সার্বিক তত্ত্বাবধানে জেলা ও উপজেলা পর্যায়ে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ (২০১৩ সালে সংশোধিত) এবং ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৫ বাস্তবায়নের লক্ষ্যে সারা দেশে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে গঠিত জেলা/উপজেলা টাস্কফোর্স কমিটি ও কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ০৫ আগস্ট ২০১৯ তারিখে চাঁপাইনবাবগঞ্জ জেলায় “তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তা ও টাস্কফোর্স কমিটির সদস্যদের তামাক নিয়ন্ত্রণ আইন অবহিতকরণ সভা” শীর্ষক একটি সভা আয়োজন করা হয়। জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে সকাল সভাটি যৌথভাবে আয়োজন করে জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল ও জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ। সাড়ে ১০টা শুরু হয়ে সভাটি বেলা ১টায় শেষ হয়।



সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য সেবা বিভাগের যুগ্মসচিব ও জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের সমন্বয়কারী জনাব মো. খায়রুল আলম সেখ। সভাপতিত্ব করেন জেলা প্রশাসক জনাব এ জেড এম নুরুল হক। সভায় তামাক ব্যবহার রোধ করার বিভিন্ন পদক্ষেপ, সমস্যা ও সমাধানের বিভিন্ন উপায় নিয়ে বক্তব্য রাখেন সিভিল সার্জন ডা. জাহিদ নজরুল চৌধুরী।

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট দেবেন্দ্র নাথ উঁরাও-এর সঞ্চালনায় অতিরিক্ত পুলিশ সুপার মোহাম্মদ মাহবুব আলম খান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আলমগীর হোসেন, শিবগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা রওশন ইসলাম, গোমস্তাপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা সিহাব রাইহান, জেলা আইনজীবী সমিতির সভাপতি আইজীবী আলহাজ্ব আব্দুস সামাদ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আনিসুর রহমান খাঁন, চাঁপাইনবাবগঞ্জ হটিকালচার সেন্টারের উপ-পরিচালক সাইফুল ইসলাম, সদর উপজেলা পরিবার কল্যাণ কর্মকর্তা ডা. আব্দুল মাতিন, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শাহিদা আখতার, নাচোল উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডা. সুলতানা পাপিয়া প্রমুখ এবং প্রবন্ধ উপস্থাপন করেন এনটিসিসি'র প্রোগ্রাম অফিসার আমিনুল ইসলাম সুজন।

সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক উম্মে সালামা, চাঁপাইনবাবগঞ্জ চেম্বারের পরিচালক মো. শহিদুল ইসলাম, জেলা শিশু বিষয়ক কর্মকর্তা মো. শফিকুল আলম, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সাইফুল মালেকসহ উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাবৃন্দ ও বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় জেলার সকল উপজেলা নির্বাহী অফিসার, ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন বাস্তবায়নে জেলা টাস্কফোর্স সদস্য, জেলা স্যানিটারি ইনস্পেক্টর, সিনিয়র স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা, উপজেলা স্যানিটারি ইনস্পেক্টরগণ উপস্থিত ছিলেন।

প্রবন্ধে তামাক নিয়ন্ত্রণ কেন জরুরি, তামাকের ক্ষতিকারক প্রভাব, তামাক নিয়ন্ত্রণে বৈশ্বিক পদক্ষেপ, বাংলাদেশে তামাকজাত দ্রব্যের ব্যবহার ও এর ভয়াবহতা, বাংলাদেশের তামাক নিয়ন্ত্রণ আইন ও বিধিমালার গুরুত্বপূর্ণ ধারা, শাস্তি ও বিধি-বিধান এবং জেলা ও উপজেলা টাঙ্কফোর্স কমিটির সদস্যদের কার্যক্রম, দায়িত্ব ও কর্তব্য এবং সেইসাথে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তাদের কার্যক্রম, দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে বিস্তারিত পাওয়ারপয়েন্ট উপস্থাপনা করা হয়।



মুক্ত আলোচনায় উপস্থিত অংশগ্রহণকারীগণ তামাক নিয়ন্ত্রণ আইনের কার্যকরী বাস্তবায়নের লক্ষ্যে তাঁদের বিভিন্ন জিজ্ঞাসা, নিষ্পত্তি অভিঞ্জতা ও মতামত ব্যক্ত করেন। এনটিসিসির সমন্বয়কারী জনাব মো. খায়রুল আলম সেখ সেসকল প্রশ্নের উত্তর এবং তামাক নিয়ন্ত্রণ আইনের কার্যকরী বাস্তবায়নের লক্ষ্যে তাঁদের করণীয় সম্পর্কে বিভিন্ন দিক-নির্দেশনা দেন। মুক্ত আলোচনায় সকলে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে তাঁদের নিজ নিজ দৃঢ় অবস্থানের কথা ব্যক্ত করেন এবং তামাক নিয়ন্ত্রণ আইনের কার্যকরী বাস্তবায়নের লক্ষ্যে সভায় উপস্থিত তাঁদের অধিনস্ত কর্মকর্তাদেরকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করার অঙ্গীকার ব্যক্ত করেন।

প্রধান অতিথির বক্তব্যে মো. খায়রুল আলম সেখ বলেন, আগামী প্রজন্মকে বাঁচাতে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন করা অত্যন্ত জরুরী। তামাকজাত পন্য বেচা-কেনায় শিশুদের ব্যবহার করা যাবে না। তামাক নিয়ন্ত্রণ আইনে শিশুদের দ্বারা তামাক বিক্রয় বা শিশুদের কাছে তামাক বিক্রয় করা নিষিদ্ধ করা হয়েছে। আইন লঙ্ঘন করলে সেই দোকানকে ৫ হাজার এবং দ্বিতীয়বার একই অপরাধ পুনঃরায় করলে ১০ হাজার টাকা জরিমানা করা হবে।

সভাপতির বক্তব্যে জেলা প্রশাসক এ জেড এম নুরুল হক বলেন, এ জেলায় তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে ধারাবাহিকভাবে মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। এজন্য সভায় উপস্থিত সকল উপজেলা নির্বাহী কর্মকর্তা ও তাদের প্রতিনিধিদের নির্দেশনা প্রদান করা হয়।

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

প্রতিবেদন প্রস্তুতকারী

আমিনুল ইসলাম সুজন
প্রোগ্রাম অফিসার, এনটিসিসি